প্রেস রিলিজ

তারিখ: ০৪ নভেম্বর ২০২৬

বাউবিতে আইকিউএসি কোয়ালিটি অ্যাসুরেন্স কমিটির ২য় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর কোয়ালিটি অ্যাসুরেন্স কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ ৪ নভেম্বর ২০২৬, বুধবার সকাল ১১:০০ টায় বাউবির গাজীপুরস্থ উপাচার্যের কনফারেন্স কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বাউবি'র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সভায় ২০২৫-২০২৬ অর্থবছরে আইকিউএসি কর্তৃক সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন ও মূল্যায়ন করা হয়। এছাড়া ২০২৬-২০২৭ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ২০২৬-২০২৭ অর্থবছরে একটি 'ন্যাশনাল কনফারেন্স' আয়োজনের সিদ্ধান্তসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয়। উক্ত সভায় কমিটির সদস্য-সচিবসহ অন্যান্য সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd